

টেকসই বিশ্ববিদ্যালয়ের তালিকায় বাংলাদেশের মধ্যে সেরা ড্যাফোডিল ইউনিভার্সিটি

সংবাদ অনলাইন রিপোর্ট

: রোববার, ১৫ ডিসেম্বর ২০২৪



ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি (ডিআইইউ) টানা নবমবারের মতো বাংলাদেশের সর্বাধিক টেকসই বিশ্ববিদ্যালয়ের মর্যাদা ধরে রেখেছে। এছাড়া ২০২৪ সালের ইউআই গ্রিন মেট্রিক ওয়ার্ল্ড ইউনিভার্সিটি র‍্যাংকিংয়ে ডিআইইউ বৈশ্বিক পর্যায়ে ১৪৯তম এবং এশিয়া অঞ্চলে ৭৫তম স্থান অর্জন করেছে।

গত ১৪ ডিসেম্বর ইউআই গ্রিন মেট্রিক ওয়ার্ল্ড ইউনিভার্সিটি র‍্যাংকিংয়ের অফিসিয়াল ওয়েবসাইটে আনুষ্ঠানিকভাবে এই তালিকা প্রকাশ করা হয়।

ইউআই গ্রিন মেট্রিক র‍্যাংকিংয়ের ১৫তম সংস্করণে ৯৫টি দেশের ১,৪৭৭টি বিশ্ববিদ্যালয় অংশ নেয়। এই র‍্যাংকিংয়ে টেকসই অবকাঠামো, জলবায়ু পরিবর্তন ও জ্বালানি ব্যবস্থাপনা, বর্জ্য ব্যবস্থাপনা, পানি সংরক্ষণ, পরিবেশবান্ধব পরিবহন, এবং টেকসই শিক্ষার মতো বিষয়ের ওপর ভিত্তি করে মূল্যায়ন করা হয়।